

টর্নেডো মোকাবেলা করা

পটভূমি:

টর্নেডো হল বিধ্বংসী ঝড় যা যেকোন স্থানে যে কোনো সময়ে অল্প সতর্কতা প্রদান করে আছড়ে পড়তে পারে। এইসব বিপজ্জনক লক্ষণ সম্পর্কে সচেতন থাকুন:

- শক্তিশালী, দমকা বাতাস সহ প্রচলিত ঝড়বৃষ্টি।
- অন্ধকার, ফানেল আকারের মেঘ যা আকাশ থেকে মাটি পর্যন্ত সম্প্রসারিত বলে মনে হয়।
- গর্জনের ন্যায় আওয়াজ।

ওয়াচ এবং **সতর্কতার** মধ্যে পার্থক্য সম্বন্ধে জানুন।

- **টর্নেডোওয়াচ** মানে টর্নেডোহওয়ার সম্ভবনা আছে।
- **টর্নেডোসতর্কতা** মানে টর্নেডো দেখা গেছে বা রেডারে টর্নেডো ধরা পড়েছে- **অবিলম্বে আশ্রয় নিন!**

টর্নেডো হওয়ার আগে:

আবহাওয়ার পরিবর্তিত পরিস্থিতি সম্পর্কে সচেতন থাকুন।

- আধিকারিকদের থেকে সাম্প্রতিক তথ্য পাওয়ার জন্য NOAA আবহাওয়া রেডিও অথবা কর্মশিয়ার রেডিও শুনুন বা টেলিভিশনের সংবাদ দেখুন।
- ঝড় আসছে কিনা তা দেখুন।
- নিম্নলিখিত বিপজ্জনক লক্ষণগুলি দেখুন:
 - অন্ধকার, সবুজাভ আকাশ
 - প্রচলিত শিলাবৃষ্টি
 - একটি বড়, অন্ধকার, নিচু মেঘ (বিশেষ করে যদি আবর্তিত হতে থাকে)
 - মালবাহী ট্রেনের মতো শব্দ।

আপনি যদি দেখতে পান যে ঝড় আসছে অথবা যেকোনো একটি বিপজ্জনক লক্ষণ দেখতে পান তাহলে অবিলম্বে আশ্রয় নেওয়ার জন্য প্রস্তুত থাকুন।

টর্নেডোর সময়:

আপনি যদি:

কোনো বাড়ীতে থাকেন (যেমন, বাসস্থান, ছোট বিল্ডিং, স্কুল, নার্সিংহোম, হাসপাতাল, কারখানা, শপিং সেন্টার, বহুতল ইमारত):

- তাহলে পূর্ব নির্ধারিত আশ্রয়ে যান যেমন নিরাপদ কক্ষ, বেসমেন্ট, স্টর্ম কেলার অথবা ইमारতের সবথেকে নিচু অংশ।
- যদি কোনো ভূগর্ভস্থ স্থান না থাকে তাহলে কোণ, জানালা, দরজা, এবং বাইরের দেওয়াল থেকে দূরে অবস্থিত ইमारতের সর্বনিম্ন স্তরের (ক্লোসেট, অভ্যন্তরীণ হলওয়ে) একটি অভ্যন্তর রুমের কেন্দ্রে যান।
- আপনার ও বাইরের মধ্যে যত বেশী সম্ভব দেওয়াল রাখুন।
- একটি শক্ত টেবিলের নীচে আশ্রয় নিন এবং আপনার মাথা এবং ঘাড় রক্ষা করার জন্য আপনার হাত ব্যবহার করুন। জানালা খুলবেন না।

কোন গাড়ী, ট্রেলার, বা মোবাইল হোমের মধ্যে থাকেন:

- অবিলম্বে সেখান থেকে নেমে নিকটস্থ একটি মজবুত বাড়ীর সর্বনিম্ন তলে আশ্রয় নিন বা একটি ঝড়ের আশ্রয় স্থলে যান।
- মোবাইল হোমগুলি যদি বাঁধাও থাকে, এমনকি তাহলেও তা টর্নেডো থেকে অল্প সুরক্ষা দেবে।



ডিস্ট্রিক্ট অফ কলম্বিয়া সরকার

রচনা:

হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (HSEMA)

সর্বশেষ সংশোধিত: নভেম্বর, 2011



টর্নেডো মোকাবেলা কৰা

আশ্রমহীনভাবে বাইরে থাকেন:

- কাছাকাছি কোন পরিখা বা খালে সমতলভাবে শুয়ে আপনার হাত দিয়ে আপনার মাথা ঢাকুন। বন্যার সম্ভবনা থেকে সতর্ক থাকুন।
- কোনো ওভারপাস বা সেতুর নিচে থাকবেন না। আপনি নিচু ও সমতল স্থানে নিরাপদ।
- শহর বা ঘনবসতিপূর্ণ এলাকায় গাড়ী বা ট্রাকে করে টর্নেডোর থেকে বাঁচার চেষ্টা করবেন না। পরিবর্তে, অবিলম্বে গাড়ী থেকে নেমে নিরাপদ আশ্রয়স্থলে যান।
- উড়ে আসা ধ্বংসাবশেষ আসছে কিনা দেখুন। টর্নেডো থেকে উড়ে আসা ধ্বংসাবশেষের কারণে লোকে সবচেয়ে নিহত ও আহত হয়।

টর্নেডোর পর:

এই ধরনের দুর্ঘটনা থেকে আস্তে আস্তে বেরিয়ে আসতে হয়। মানসিক ও শারীরিক সুস্থতার দিক থেকে নিরাপত্তা হল প্রাথমিক সমস্যা।



ডিস্ট্রিক্ট অফ কলম্বিয়া সরকার

রচনা:

হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (HSEMA)

সর্বশেষ সংশোধিত: নভেম্বর, 2011

